দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 26 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# তানভীরের প্রতি এবার শিক্ষার্থীদের অনাস্থা

**রাবি সংবাদদাতা ।** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সহযোগী অধ্যাপক আকতার জাহানের মৃত্যুর ঘটনায় তার সাবেক স্বামী একই বিভাগের সহযোগী অধ্যাপক তানভীর আহমদের প্রতি এবার অনাস্থা জানিয়েছে শিক্ষার্থীরা। রবিবার আকতার জাহান স্মরণে আয়োজিত শোকসভা শেষে বিভাগের ১৭৯ শিক্ষার্থী স্বাক্ষরিত অভিযোগপত্র বিভাগের সভাপতি ড. প্রদীপ কুমার পাণ্ডের হাতে তুলে দেয় তারা। এতে তানভীর আহমদের কাছে নিরাপদ না জানিয়ে তাকে একাডেমিক ও প্রশাসনিক সব কার্যক্রম থেকে বিরত রাখার দাবি জানায় শিক্ষার্থীরা। তারা আবেদনপত্রে উল্লেখ করে, সম্প্রতি আমাদের বিভাগের মা তুল্য শিক্ষক সহযোগী অধ্যাপক আকতার জাহানের অস্বাভাবিক মৃত্যু হয়েছে। ঐ ঘটনায় দেশের বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে উঠে এসেছে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে আমাদের শিক্ষক আকতার জাহানকে শারীরিক ও মানসিকভাবে নির্যাতনের কথা। এ নির্যাতনের সঙ্গে তার সাবেক স্বামী সহযোগী অধ্যাপক তানভীর আহমদের জড়িত থাকার বিষয়টিও উঠে এসেছে। এমনকি আকতার জাহানের জানাজা সম্পন্ন হওয়ার আগেই তানভীর আহমদ অত্যন্ত নগ্নভাবে আত্মপক্ষ সমর্থন করে সামাজিক যোগাযোগ মাধ্যমে তার বিরুদ্ধে অশালীন মন্তব্য করেন, যা আমাদের অত্যন্ত মর্মাহত ও ব্যথিত করেছে। তারা আরও উল্লেখ করে, গণমাধ্যমসহ সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে এ শিক্ষকের চরিত্র নিয়ে নানা ধরনের ঘটনা উঠে এসেছে। এমতাবস্থায় বিভাগের শিক্ষার্থী হিসেবে আমরা অত্যন্ত আতঙ্কিত, ভীতসন্ত্রস্ত ও উদ্বিগ্ন এবং তানভীর আহমদের কাছে কোনভাবেই নিজেদের নিরাপদ বোধ করছি না।